Memorial Sloan Kettering
Cancer Center

রোগী এবং শুশ্রুষাকারীর শিক্ষা

# গালের সোয়াব ব্যবহার করে HLA নমুনা সংগ্রহ এবং পাঠানোর নির্দেশনাবলী

কিভাবে হিউম্যান লিউকোসাইট অ্যান্টিজেন (HLA) নমুনা সংগ্রহ এবং পাঠাতে হয় তা এই তথ্যাবলীতে রয়েছে।

HLA হলো এমন এক ধরনের টাইপিং যা হেমাটোপয়েটিক (রক্ত গঠনকারী কোষ) স্টেম সেল ট্রান্সপ্লান্ট প্রয়োজন এমন একজনের জন্য দাতা হতে পারেন কি না তা নির্ধারণ করতে ব্যবহৃত হয়।এই টাইপিংটি ট্রান্সপ্ল্যান্ট প্রয়োজন এমন ব্যক্তি এবং স্টেম সেল দাতা হতে পারে এমন ব্যক্তি উভয়ের উপর করা হয়।

মেমোরিয়াল স্লোন কেটারিং (MSK)-এ আপনার HLA নমুনা পাঠানোর পর, আপনি রোগীকে স্টেম সেল দান করতে পারেন কি না তা দেখার জন্য সেগুলো পরীক্ষা করা হবে।

## HLA টেস্টিং কিট

MSK প্রত্যেক দাতার জন্য 1টি করে HLA টেস্টিং কিট প্রদান করে। আপনি যদি আপনার HLA নমুনা পাঠান সেক্ষেত্রে আপনি হলেন দাতা। আপনি যদি অন্য কাউকে তাদের নমুনা পাঠাতে সাহায্য করেন তবে তারা হলেন দাতা।

প্রতিটি কিটে নিম্নলিখিত সাপ্লাইজ রয়েছে:

- 2 প্যাকেট জীবাণুমুক্ত কটন সোয়াব। প্রতিটি প্যাকেটে 2টি সোয়াব রয়েছে। 4টি সোয়াবই ব্যবহার করুন।
- জীবাণুমুক্ত প্লাস্টিকের 1টি শিপিং টিউব (ব্লাক টপ টিউব)
- দাতার আসল নাম এবং জন্মতারিখ সম্বলিত 1টি প্রি-প্রিন্ট করা লেবেল
- নমুনা সংগ্রহের তারিখ এবং সময় লেখার জন্য স্পেস সহ 1 লেবেল
- 1টি প্রি-পেইড, প্যাডেড UPS ফেরত খাম


UPS ফেরত খামটি নিম্নলিখিত ঠিকানা অনুযায়ী পূর্ব-ঠিকানাযুক্ত করা থাকবে:

Center for Laboratory Medicine
Attn: Yevgeniya Bensman – Specimen Logistics 1st Floor
327 East 64th Street
New York, NY 10065

# HLA নমুনা সংগ্রহ করা

HLA নমুনা সংগ্রহ করার আগে খাওয়া বা পান করার প্রায় 1 থেকে 2 ঘণ্টা অপেক্ষা করুন।

1. 2টি কটন সোয়াব ব্যবহার করে, এক গালের ভিতরে প্রায় 10 বার ঘষুন। আপনি একবারে 2টি সোয়াব ব্যবহার করতে পারেন অথবা আপনি একটি একটি করে ব্যবহার করতে পারেন।
2. অবশিষ্ট 2টি কটন সোয়াব ব্যবহার করে, আপনার অন্য গালের ভিতরে প্রায় 10 বার ঘষুন।
3. ব্ল্যাক টপ টিউবের বাইরের অংশে সোয়াবগুলো রাখুন (চিত্র 1 দেখুন)। সোয়াবগুলোকে কমপক্ষে 2 থেকে 3 ঘণ্টা পর্যন্ত বাতাসে শুকাতে দিন। সেগুলো নিরাপদ স্থানে রাখুন। ব্ল্যাক টপ টিউবে রাখার আগে যদি সোয়াবগুলো পুরোপুরি শুকিয়ে না যায় তাহলে সেগুলো মোল্ড হয়ে যেতে পারে। যদি এমনটি হয়ে যায় তাহলে সেগুলো পরীক্ষার জন্য আর ব্যবহার করা যাবে না।



চিত্র 1. টেস্ট টিউবে শুকানো সোয়াব

# HLA নমুনা পাঠানো

1. ব্ল্যাক টপ টিউবের ভিতরে 4টি সোয়াবই রাখুন। টিউবের উপরের অংশটি বন্ধ করে দিন।
2. দাতার নাম এবং জন্মতারিখ সঠিক কি না তা নিশ্চিত করতে প্রি-প্রিন্টেড লেবেলটি যাচাই করুন।
    - যদি কোনো তথ্য ভুল হয় সেক্ষেত্রে ভুল তথ্যটি ক্রস আউট করে লেবেলে সঠিক তথ্যটি লিখুন। সুস্পষ্টভাবে প্রিন্ট করুন।
3. অন্য লেবেলে সরাসরি নমুনা সংগ্রহের তারিখ ও সময় লিখুন। সুস্পষ্টভাবে প্রিন্ট করুন। **আপনি যদি নমুনা সংগ্রহের তারিখ এবং সময় উল্লেখ না করেন তাহলে আপনার নমুনা প্রক্রিয়াকরণে বিলম্ব হতে পারে।**
4. টিউবের বাইরে উভয় লেবেল সংযুক্ত করুন। সেগুলো ওভারল্যাপ হয়নি তা নিশ্চিত করুন। **যদি উভয় লেবেল টিউবের সাথে সংযুক্ত না থাকে তাহলে MSK আপনার নমুনাগুলো প্রক্রিয়াকরণ করতে**

**পারবে না এবং সেক্ষেত্রে একটি নতুন নমুনা সংগ্রহ করতে হবে।**

5. ফিরতি খামে লেবেলযুক্ত ব্লাক টপ টিউবটি রাখুন। খাম সিল করার আগে, নিম্নলিখিত বিষয়গুলো যাচাই করুন:
   - ব্ল্যাক টপ টিউবে 4টি কটন সোয়াব রয়েছে।
   - ব্ল্যাক টপ টিউবে 2টি লেবেল আছে।
   - লেবেলে থাকা তথ্যটি সঠিক।
   - নমুনা সংগ্রহের তারিখ এবং সময় লেবেলের ফাঁকা জায়গায় লেখা আছে।

   আপনি এই বিষয়গুলো যাচাই করার পরে, খামে সিল করুন।
6. ফেরত খামটি একটি UPS ড্রপ অফ ঠিকানায় নিয়ে আসুন। আপনি www.ups.com/dropoff ঠিকানা ব্যবহার করে আপনার নিকটতম কেন্দ্রটি খুঁজে পেতে পারেন।
   - ফেরত খামে শিপিং লেবেলে তালিকাভুক্ত একটি ট্র্যাকিং নম্বর উল্লেখ থাকবে। MSK আপনার প্যাকেজ ট্র্যাক করতে এটি ব্যবহার করবে। আপনি যদি খামটি ট্র্যাক করতে চান তবে UPS-এ খাম জমা দেওয়ার আগে ট্র্যাকিং নম্বরটি লিখে রাখুন।

# অতিরিক্ত তথ্য

- খামে 1টির বেশি ব্লাক টপ টিউব রাখবেন না। যদি 1 জনের বেশি দাতা নমুনা পাঠায় সেক্ষেত্রে তারা প্রত্যেকে তাদের নিজস্ব HLA পরীক্ষার কিট পাবে। প্রত্যেক দাতাকে তাদের নিজস্ব কিটে অন্তর্ভুক্ত ফেরত খাম ব্যবহার করে তাদের নমুনা পুনরায় পাঠাতে হবে।
- সমস্ত নমুনা MSK পাবে এবং তারাই প্রক্রিয়াকরণ সম্পন্ন করবে।

যদি আপনার HLA টেস্ট কিটটি নষ্ট হয়ে যায়, আপনার কিট আইটেমে ঘাটতি থাকে অথবা আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে আমাদেরকে কল করুন।

- রোগীর বয়স 18 বছর বা তার বেশি হলে, অ্যাডাল্ট স্টেম সেল ট্রান্সপ্লান্ট রিলেটেড ডোনার অফিসে 646-608-4134 নম্বরে কল করুন।
- রোগীর বয়স 18 বছরের কম হলে, পেডিয়াট্রিক স্টেম সেল ট্রান্সপ্লান্ট রিলেটেড ডোনার অফিসে 212-639-8478 নম্বরে কল করুন।

আরো রিসোর্সের জন্য www.mskcc.org/pe-এ ভিজিট করে আমাদের ভার্চুয়াল লাইব্রেরি দেখুন।

---

Instructions for Collecting and Shipping HLA Samples Using Cheek Swabs - Last updated on January 4, 2023

Memorial Sloan Kettering Cancer Center কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত